রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, আগস্ট ১৭, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**রাষ্ট্রপতির কার্যালয়**
**জন বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ আগস্ট, ২০১৬ খ্রিস্টাব্দ/২৬ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ

**এস, আর, ও নং ২৬১-আইন/২০১৬।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **শিরোনাম।**—(১) এই বিধিমালা রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ) এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;
(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;
(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ রাষ্ট্রপতি বা সরকার, অথবা ক্ষেত্রমত, রাষ্ট্রপতি বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;
(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;
(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;
(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং
(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।



**মূল্যঃ** টাকা ১৬.০০

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯ (৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়ঃসীমার মধ্যে না হয়ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাঁহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, বাছাই বা নির্বাচন কমিটি, লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে, সুপারিশ প্রণয়ন করিবে।

(৪) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্বকার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৬) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম (যদি থাকে) ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকেন এবং স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণি হইতে দ্বিতীয় শ্রেণি অথবা দ্বিতীয় শ্রেণি হইতে প্রথম শ্রেণি অথবা তৃতীয় শ্রেণি হইতে প্রথম শ্রেণির পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্তরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ বা মেয়াদসমূহ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাঁহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাঁহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সংশ্লিষ্ট শিক্ষানবিসের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসের মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ,—

(ক) যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, তাঁহার চাকরি স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন বা প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব পদে নিয়োগের বিধান**।—(১) বিধি ৪ এ যাহা কিছুই থাকুক না কেন, তফসিলের ক্রমিক নং ১০ এর কলাম (২) এ উল্লিখিত রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব পদে রাষ্ট্রপতির অভিপ্রায় অনুযায়ী কোন ব্যক্তিকে নিয়োগ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নিয়োগকৃত ব্যক্তি, রাষ্ট্রপতির সন্তুষ্টি অনুযায়ী উক্ত পদে বহাল থাকিবেন অথবা, যে কোন সময়ে রাষ্ট্রপতির আস্থা হারাইলে—

(ক) সরকারি কর্মকর্তার ক্ষেত্রে তিনি পূর্ববর্তী পদে ফেরত যাইবেন; এবং

(খ) বেসরকারি ব্যক্তির ক্ষেত্রে তাঁহার চাকরির অবসান ঘটিবে।

৮। **বিশেষ বিধান**।—তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৯। **রহিতকরণ ও হেফাজত**।—(১) রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ) এর গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা এবং কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০০০ এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীনে নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল**
**[বিধি ২ (খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | সচিব | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সচিব পর্যায়ের কর্মকর্তা। |
| ২. | প্রেস সচিব | - | প্রেষণে বদলীর মাধ্যমে | প্রেস সচিব পদের সমমর্যাদা ও অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা। |
| ৩. | যুগ্ম-সচিব/মহাপরিচালক | - | প্রেষণে বদলীর মাধ্যমে | যুগ্ম-সচিব পর্যায়ের কর্মকর্তা। |
| ৪. | রাষ্ট্রপতির একান্ত সচিব | - | প্রেষণে বদলীর মাধ্যমে | অন্যূন উপসচিব পর্যায়ের কর্মকর্তা। |
| ৫. | উপসচিব | - | প্রেষণে বদলীর মাধ্যমে | উপসচিব পর্যায়ের কর্মকর্তা। |
| ৬. | উপ-প্রেস সচিব | - | প্রেষণে বদলীর মাধ্যমে | বিসিএস (তথ্য সাধারণ) ক্যাডারের সমপর্যায়ের কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| ৭. | সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সহকারী সচিব বা সিনিয়র সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তা। |
| ৮. | সচিবের একান্ত সচিব | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সহকারী সচিব বা সিনিয়র সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তা। |
| ৯. | সহকারী প্রেস সচিব | - | প্রেষণে বদলীর মাধ্যমে | বিসিএস (তথ্য সাধারণ) ক্যাডারের সমপর্যায়ের কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১০. | রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব | - | (ক) শতকরা ৫০ ভাগ রাষ্ট্রপতির অভিপ্রায় অনুযায়ী; এবং<br>(খ) শতকরা ৫০ ভাগ প্রেষণে বদলীর মাধ্যমে। | **রাষ্ট্রপতির অভিপ্রায় অনুযায়ী নিয়োগের ক্ষেত্রে :**<br>বিধি ৭ এর বিধান প্রযোজ্য হইবে।<br>**প্রেষণের ক্ষেত্রে :**<br>সমপর্যায়ের কোন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| ১১. | হিসাব রক্ষণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**প্রেষণের ক্ষেত্রে :**<br>হিসাব রক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন সমপর্যায়ের কোন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| ১২. | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) শতকরা ৭৫ ভাগ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ২৫ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং  নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৩. | ব্যক্তিগত কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) শতকরা ৬০ ভাগ সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি অপারেটর এবং টেলেক্স কাম ফ্যাক্স অপারেটর পদধারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৪০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদের অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) অথবা টেলেক্স কাম অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী। |
| ১৪. | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাব রক্ষক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ সহ স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটারের মাধ্যমে হিসাব সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৫. | কম্পিউটার অপারেটর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ১৬. | ক্যাটালগার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৭. | হিসাব রক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>ক্যাশিয়ার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ সহ স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটারের মাধ্যমে হিসাব সংক্রান্ত কাজ করিবার অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৮. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী। | | |
| ১৯. | ক্যাশিয়ার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটারের মাধ্যমে হিসাব সংক্রান্ত কাজ করিবার অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২০. | টেলেক্স কাম ফ্যাক্স অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসর অথবা অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>(খ) ফ্যাক্স মেশিন চালনায় পারদর্শী হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) টেলেক্স কাম ফ্যাক্স অপারেটর এর কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২১. | ডাটা এন্ট্রি অপারেটর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ২২. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর<br>(তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত বয়:সীমা শিথিলযোগ্য।) | (ক) শতকরা ৩০ ভাগ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(ক) শতকরা ৭০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) ফটোকপি অপারেটর বা ডেসপাচ রাইডার বা বার্তা বাহক হিসাবে অন্যূন ৪ (চার) বৎসর অথবা ক্যাশ সরকার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা অফিস সহায়ক হিসেবে অন্যূন ৬ (ছয়) বৎসর অথবা ফটোকপি অপারেটর, ডেসপাচ রাইডার বা অফিস সহায়ক পদে একক যুগপৎভাবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০ টি শব্দ এবং ইংরেজিতে ২০টি শব্দের গতি থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং ননগেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী। |
| ২৩. | ক্যাশ সরকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>বার্তা বাহক পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি অথবা অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ সহ মাধমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৪. | ফটোকপি অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) বার্তা বাহক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি অথবা অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) ফটেকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনায় পারদর্শী হইতে হইবে। |
| ২৫. | ডেসপাচ রাইডার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) বার্তা বাহক বা অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) মটর সাইকেল চালনায় পারদর্শী এবং বৈধ লাইসেন্স থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মটর সাইকেল চালনায় পারদর্শী এবং বৈধ লাইসেন্স থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৬. | বার্তা বাহক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি এবং বৈধ লাইসেন্সসহ মটর সাইকেল চালনায় পারদর্শী হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ লাইসেন্সসহ মটর সাইকেল চালনায় পারদর্শী হইতে হইবে। |
| ২৭. | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সম্পদ বড়ুয়া**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd